

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫২৬

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৫. উত্তম চরিত্রের প্রতি উৎসাহ প্রদান

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم: «المُؤْمِنُ الْقَوِيُّ خَيْرٌ وَأَحَبُّ إِلَى اللّهِ مِنَ الْمُؤْمِنِ الضَّعِيفِ, وَفِي كُلِّ خَيْرٌ, احْرِصْ عَلَى مَا يَنْفَعُكَ, وَاسْتَعِنْ بِاللّهِ, وَلَا تَعْجَزْ, وَإِنْ أَصَابَكَ شَيْءٌ فَلَا تَقُلْ: لَوْ أَنِي فَعَلْتُ كَانَ كَذَا وَكَذَا, وَلَكِنْ قُلْ: لَوْ اللّهُ وَمَا شَاءَ فَعَلَ; فَإِنَّ لَوْ تَفْتَحُ عَمَلَ الشَّيْطَانِ». أَخْرَجَهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (2664)

বাংলা

১৫২৬। আবৃ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: দুর্বল দেহ, দুর্বল চিত্ত মু'মিন অপেক্ষা শক্তিশালী দৃঢ়চিত্ত মু'মিন শ্রেষ্ঠ এবং আল্লাহর কাছে অধিকতর প্রিয়। তবে প্রত্যেকের মধ্যেই (ঈমানগত) কল্যাণ রয়েছে। যা তোমার পক্ষে উপকারী তা অর্জনে আগ্রহী হও এবং আল্লাহর নিকটে সাহায্য প্রার্থনা কর, দুর্বলতা অনুভব করো না। আর যদি তোমার উপর কোন মুসীবত এসে যায় তবে তুমি এরূপ কথা বলবে না যে, 'আমি এরূপ করলে আমার এরূপ হতো বরং তুমি বলবে, আল্লাহর পক্ষ থেকে এটাই নির্ধারণ করা ছিল, আল্লাহ্ যা চেয়েছেন তা করেছেন। কেননা, 'যদি' শব্দ শাইত্বানের কাজের পথ খুলে দেয়'। (অর্থাৎ আল্লাহর ফায়সালাকে সর্বান্তঃকরণে মেনে নিতে না পারলে ঈমানগত যে দুর্বলতা আসে তার সুযোগ নিয়ে শাইত্বান তার প্রভাবকে কার্যকরী করতে সক্ষম হয়।)[1]

English



Abu Hurairah (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:

"A believer who is strong (and healthy) is better and dearer to Allah than the weak believer, but there is goodness in both of them. Be keen on what benefits you and seek help from Allah, and do not give up. If anything afflicts you do not say, 'If I had done such and such things, such and such would have happened.' But say, 'Allah decrees and what He wills He does,' for (the utterance) 'If I had' provides an opening for the deeds of the devil." Related by Muslim.

ফুটনোট

[1] মুসলিম ২৬৬৪, ইবনু মাজাহ ৭৯, ৪১৬৮, ৮৫৭৩, আহমাদ ৮৬১১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন